

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-২ শাখা
www.mefwd.gov.bd

পরিদর্শন প্রতিবেদন

- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : হেলাতলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কলারোয়া, সাতক্ষীরা
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ২৫/১১/২০২৩
- ০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন :
আলোকে গৃহীত কার্যক্রম
- ০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক :
অবস্থা

ক্রম	জেলার নাম	উপজেলার নাম	নির্বাচিত UH&FWC এর নাম	জনবলের বিবরণ	শূন্য জনবলের বিবরণ	মন্তব্য
০১	সাতক্ষীরা	কলারোয়া	আলিপুর	(ক) SACMO কর্মরত ০১ জন;		
				(খ) ফার্মাসিস্ট কর্মরত ০ জন	০১ জন	
				(গ) FWV ০১ জন	০	
				(ঘ) MLSS ০১	০	
				(ঙ) আয়া কর্মরত ০১ জন	০	

- ০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনের দিন SACMO অনুপস্থিত ছিলেন। পরিদর্শনকালে উপস্থিত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কর্মরত SACMO ছুটি নিয়েছেন।
- ০৬। পরিদর্শনকালে কোন Stockholder যদি : কোন সেবা গ্রহীতা পাওয়া যায়নি।
মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ
- ০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ : আর্থিক অনিয়ম তদন্ত করা হয়নি।
(প্রযোজ্য ক্ষেত্রে)
- ০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : কেন্দ্রটির সেবা প্রদানের সার্বিক পরিবেশ সন্তোষজনক নয়।

বিস্তার

পরিচ্ছন্নতার মান সন্তোষজনক নয়। পুরো প্রতিষ্ঠানটিতে
অবশ্যের বিষয়টি পরিলক্ষিত হয়।

- ০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : হেলাতলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কলারোয়া,
সাতক্ষীরা ২০ শতাংশ জমির উপর দ্বিতলা বিশিষ্ট ভবন। সংশ্লিষ্টদের
জন্য দোতলায় কোয়ার্টার রয়েছে। FWV ও SACMO কোয়ার্টারে
থাকেন না।
- ১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে মোটামুটি
উপযোগী।

১১। কোন সমস্যা/চাহিদা :

ক) কেন্দ্রটির একপাশে সীমানা দেয়াল ভাঙ্গা থাকায় গরু-ছাগল ও মানুষের অবাধ প্রবেশ ঘটছে। FWC চত্বর স্থানীয় জনগণ
দান শুকানোর কাজে ব্যবহার করছেন। দ্রুত সীমানা প্রাচীর নির্মাণ না করা হলে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটতে পারে।

খ) হেলাতলা FWC এ গত একবছরে কোন ডেলিভারি হয়নি। FWC তে ডেলিভারি সেবা প্রদানে আন্তরিকতায় মারাত্মক
ঘাটতি রয়েছে মর্মে প্রতীয়মান হয়। পরিদর্শনকালে উপস্থিত উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), উপজেলা পরিবার
পরিকল্পনা কর্মকর্তা এবং মেডিকেল অফিসার (MCH) জানান যে, বারবার তাগিদ দেয়া স্বত্বেও FWC তে ডেলিভারির
উদ্যোগ নেয়া হয়নি। প্রতিষ্ঠানটিতে ডেলিভারি সেবা প্রদানে সুষ্ঠু পরিবেশ সৃষ্টি ও স্থানীয় সেবা-গ্রহীতাদের উদ্ধৃদ্ধ করার জন্য
আশু উদ্যোগ প্রয়োজন।


গ) SACMO ও FWV এর ক্যাম্পাসে থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে।

ঘ) কৈশোর বান্ধব সেবা কর্ণারে সেবা প্রদান করার বিষয়টি আরো প্রচার-প্রচারণার প্রয়োজন। এই লক্ষ্যে ইউনিয়ন পরিষদের
জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা যেতে পারে।

ঙ) পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য FWC তে কোন টাকা প্রদান করা হয়না। মাঝে মাঝে কিছু পরিষ্কার-পরিচ্ছন্নতার উপকরণ
সরবরাহ করা হয় যা অপ্রতুল। পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য FWC তে সরাসরি বরাদ্দ দেয়ার জন্য FWV অনুরোধ করেছেন।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :
(নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/ সুপারিশ)

হেলাতলা UH & FWC এ সেবা প্রদানে যথাযথ আন্তরিকতা না থাকায় প্রতিষ্ঠানিক ডেলিভারি, কৈশোর বান্ধব সেবা,
প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানে FWV এবং SAACMO কে আরো উদ্যোগী হওয়ার জন্য অনুরোধ করা হলো।


20/12/2021
পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম ও পদবী